



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৭

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:২৩৯/১৩- ৪০৮-৫

তারিখ: ০৮ মে ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি-

বনানীতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থীকে ধর্ষণের ঘটনায় তথ্যানুসন্ধান কমিটি গঠন

গত ০৭ মে ২০১৭ তারিখ গণমাধ্যমে প্রকাশিত হয় যে, বনানীতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থীকে ধর্ষণ করা হয়েছে এবং ধর্ষক প্রভাবশালী হওয়ায় পুলিশ মামলা নিতে দেরি করেছে। উক্ত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকর্ষিত হয়। কমিশনের মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হক ঘটনাটিকে মানবাধিকারের চরম লঙ্ঘন বলে জানিয়েছেন এবং ঘটনার গুরুত্ব বিবেচনায় স্বতঃপ্রণোদিত হয়ে কমিশন অভিযোগ আমলে নিয়েছে। দোষীদের চিহ্নিত করে শাস্তি নিশ্চিত করার জন্য মাননীয় চেয়ারম্যান পাঁচ সদস্য বিশিষ্ট নিম্নোক্ত তথ্যানুসন্ধান কমিটি গঠন করেছেন-

০১। মোঃ নজরুল ইসলাম- আহবায়ক (সার্বক্ষণিক সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন)

০২। নুরুন নাহার ওসমানী- সদস্য (অবৈতনিক সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন)

০৩। এনামুল হক চৌধুরী- সদস্য (অবৈতনিক সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন)

০৪। মোঃ শরীফ উদ্দীন- সদস্য (পরিচালক-অভিযোগ ও তদন্ত)

০৫। এম রবিউল ইসলাম- সদস্য সচিব (সহকারী পরিচালক- অভিযোগ ও তদন্ত)

কমিটি প্রয়োজনীয় স্থানসমূহ পরিদর্শন, সংশ্লিষ্টদের জিজ্ঞাসাবাদ ও তথ্য-উপাত্ত সংগ্রহ-পূর্বক আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

বার্তা প্রেরক

Fardane ০৪/০৫/১৭

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

ফোনঃ ০২- ৫৫০১৩৭২৭/ মোবাইলঃ ০১৭৯০৫৩৬৯৩৬